



আমি এইমাত্র Centrelink এ গিয়েছিলাম এবং দেখলাম সেখানে সব জায়গায় এই 'এনাক' প্রতীকটি দেয়া আছে। এর অর্থ কি আপনি জানেন?

হ্যাঁ জানি। পারিবারিক এবং গৃহ নির্যাতনের শিকার ব্যক্তিদের জন্য ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস যে সকল সেবা ও সহায়তা দেয় সেগুলো তারা প্রচার করছে।

তারা কী কী সেবা ও সহায়তা দেয়?

পরিস্থিতি অনুযায়ী তারা আপনাকে আপনার কমিউনিটিতে কোনো পেশাদার সহায়তা পরিষেবার কাছে পাঠাতে পারে। এছাড়াও তারা আপনাকে একজন সমাজকর্মীর কাছে পাঠাতে পারে যিনি আপনাকে সহযোগিতা ও পরামর্শ দিতে পারবেন, এবং আপনাকে কিছু আর্থিক সহায়তা পাবার ব্যাপারে সাহায্য করতে পারবেন।

ও আচ্ছা, এ ব্যাপারে সাহায্য পাওয়া যায় জেনে ভালই লাগলো। আমার এক বন্ধু আছে যার স্বামীর সাথে তাঁর সম্পর্ক ভাল যাচ্ছে না বলে মনে হয়। তাঁর স্বামী তাকে শারীরিকভাবে লাঞ্চিত করে না, তবে স্বামীর অনুমতি ছাড়া তাকে তাঁর বন্ধুবান্ধব কিংবা পরিবারের সাথে দেখা করতে দেয়া হয় না। খাবার দাবার কিংবা কাপড় চোপড় কেনার জন্য তার কাছে কোনো টাকাও নেই। সে সত্যিই অসুখী এবং সে জানেনা এ ব্যাপারে সে কী করতে পারে।

পারিবারিক এবং গৃহ নির্যাতন কেবল শারীরিক নির্যাতনই নয়। এটা হতে পারে হুমকি দেয়া, ভয় দেখানো, নিয়ন্ত্রণ করা কিংবা ভয় দেখানোর মতো কাজ করা।

আমি এটা জানতাম না। এছাড়া, সে সবেমাত্র ইংরেজি শিখতে শুরু করেছে, কারণ সে এদেশে এসেছে বছরখানেক আগে। সে কি ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস এর সাথে কথা বলতে পারে?

হ্যাঁ, নিশ্চয়ই পারেন। তিনি নিজের ভাষায় কারও সাথে কথা বলার জন্য ১৩১ ২০২ নম্বরে **Department of Human Services** এর সাথে যোগাযোগ করতে পারেন।

আর তা না হলে, তিনি ১৮০০ ৭৩৭ ৭৩২ নম্বরে **1800RESPECT** এর সাথে যোগাযোগ করে তাঁর নিজের ভাষায় কারও সাথে কথা বলতে পারেন। তারা গৃহ এবং পারিবারিক নির্যাতনের শিকার ব্যক্তিদের জন্য বিনামূল্যে টেলিফোন ও অনলাইনে পরামর্শ দিয়ে থাকে। এছাড়াও তারা সাহায্যের জন্য স্থানীয় পরিষেবাগুলোতেও পাঠাতে পারে।

আমি ঠিক নিশ্চিত না সে এখনই কারও সাথে কথা বলতে রাজী হবে কিনা। বিস্তারিত তথ্যের জন্য আমি তাকে কোথায় যাবার জন্য বলতে পারি?

তিনি humanservices.gov.au/yourlanguage অথবা 1800respect.org.au/languages ওয়েবসাইটগুলো দেখতে পারেন। এই ওয়েবসাইটগুলোতে বেশ কিছু ভাষায় পারিবারিক ও গৃহ নির্যাতন সম্পর্কে তথ্য আছে।

ধন্যবাদ। আমি তাকে এই তথ্যগুলো দেব।